সোনালী ব্যাংক লিমিটেড
SONALI BANK LTD
প্রিন্সিপাল অফিস,বগুড়া নর্থ,বগুড়া।

ফোন নং ঃ ০২৫৮৯৯০১৯২২
ই-মেইল ঃ bogranorthpo@sonalibank.com.bd

দৃপ্ত শপথ মুজিব বর্ষে
আমরা যাবো সবার শীর্ষে

**সোনালী ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল অফিস, বগুড়া নর্থ এবং প্রিন্সিপাল অফিস, বগুড়া সাউথ এর যৌথ উদ্যোগে এপ্রিল/২০২২ মাসের ব্যবসায়িক মূল্যায়ন ও মতবিনিময় সভার কার্যবিবরণীঃ-**

| | |
|---|---|
| প্রধান অতিথি | ঃ জনাব মোঃ আমিনুল ইসলাম, জেনারেল ম্যানেজার, জনারেল ম্যানেজার'স অফিস, বগুড়া। |
| সভাপতি | ঃ জনাব মোঃ আব্দুর রাজ্জাক, ডেপুটি জেনারেল ম্যানেজার, প্রিন্সিপাল অফিস, বগুড়া সাউথ , বগুড়া। |
| সমন্বয়কারী | ঃ জনাব মোঃ ফারুক, ডেপুটি জেনারেল ম্যানেজার, প্রিন্সিপাল অফিস, বগুড়া নর্থ, বগুড়া। |
| সভাস্থল | ঃ সম্মেলন কক্ষ, প্রিন্সিপাল অফিস, বগুড়া। তারিখঃ ২৫/০৫/২০২২ |
| সময় | ঃ ~~সকাল~~ সন্ধ্যা ৬.০০ ঘটিকা। উপস্থিতিঃ সংযোজনী ''ক'' |

**সভাপতি মহোদয়ের স্বাগত বক্তব্য ঃ**

পবিত্র কোরআন তেলওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। শুরুতেই সভাপতি মহোদয় ২০২২ সালের এপ্রিল মাসের ব্যবসায়িক মূল্যায়ন ও মতবিনিময় সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে ২০২২ সালের এপ্রিল মাসের ব্যবসায়িক মূল্যায়ন ও মতবিনিময় সভার শুভ উদ্বোধন ঘোষণা করেন এবং তিনি তার বক্তব্যে চলতি বছরের এপ্রিল মাস পর্যন্ত অত্র অঞ্চলের ব্যবসায়িক চিত্র উপস্থাপন করেন।

**প্রধান অতিথি মহোদয়ের বক্তব্য ঃ**

প্রধান অতিথি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। তিনি বলেন ২০২২ সালে ব্যবসায়িক সাফল্য ২০২১ এর তুলনায় দ্বিগুন করতে হবে। বিগত বছরের তুলনায় অধিকাংশ শাখায় আমানত হ্রাস পেয়েছে। তাই অধিক তৎপরতার মাধ্যমে জুন/২০২২এ কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনে পরামর্শ দিয়েছেন। তিনি এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি ও ডিপোজিট বৃদ্ধির ধারা অব্যাহত রাখতে বলেন। উন্নয়ন খাতে ঋণ দেওয়ার জন্য তিনি পরামর্শ দেন। তিনি তার বক্তব্যে শাখা পর্যায়ের ২০২২ সালের ব্যবসায়িক পর্যালোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।

১। NPA হিসাবসমূহের গ্রাহকদের মোবাইল নম্বরসহ ঠিকানা সম্বলিত তালিকা প্রনয়ন করে সংশ্লিষ্ট গ্রাহকদেরকে পত্রের মাধ্যমে তাগাদা দিতে হবে। ব্যর্থতায় স্বশরীরে NPA হিসাবধারীর সহিত যোগাযোগ করে NPAমুক্ত শাখায় পরিনত করতে উদ্যোমী পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে।

২। শাখা পর্যায়ে যথা সময়ে ই-মেইল ডাউনলোড বাধ্যতামূলক করা হলেও ই-মেইল চেক করা হয় না। ই-মেইল করার পরও শাখা পর্যায়ে ফোন মারফৎ ব্যবস্থা গ্রহণ করা হয় যা মোটেও কাম্য নয়। তাই ই-মেইল চেক ও ডাউনলোড বাধ্যতামূলক করতে হবে।

৩। Deposite, Loans & Advance, CL Recovery, Foreign Remitence শাখা ভিত্তিক ২০২২ সালের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে। Deposit এর লক্ষ্যমাত্রা ১৫৫০ কোটি যার মধ্যে Low cost deposit বেশি সংগ্রহ করতে হবে। চলতি হিসাব খোলার দিকে বেশি জোর দিতে হবে।

৪। নিবিড় তদারকির মাধ্যমে বিরুপমানে শ্রেনীকৃত ঋণের পরিমাণ হ্রাসকরনে শাখার টাস্কফোর্সের জোড়ালো পদক্ষেপ গ্রহণ করতে হবে। শ্রেনীকরন এড়ানোর জন্য বারবার পুনঃ তফসিলিকরন ও কিস্তি পরিশোধের তারিখ পরিবর্তন/মেয়াদ বৃদ্ধির প্রবনতা পরিহার করে ঋণের অর্থ আদায়ে যথাযথ কার্যকর পদক্ষেপ গ্রহন করতে হবে। প্রয়োজনে আইনি পদক্ষেপের ব্যবস্হা করতে হবে।

৫। পার্সোনাল ঋণ বুদ্ধিমত্তার কৌশলে বিতরনের পদক্ষেপ নিতে হবে। একই ব্যক্তি একাধিক পার্সোনাল ঋণ গ্রহীতার জামিনদাতা যাতে না হয় সেদিকে দৃষ্টি রাখার প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেন জেনারেল ম্যানেজার জনাব মোঃ আমিনুল ইসলাম মহোদয়। ইতোমধ্যে পার্সোনাল ঋণ খেলাপীর জন্য ধুনট শাখার ম্যানেজারসহ কয়েকজন শাখা ম্যানেজারনকে মৌখিকভাবে কৈফিয়ত তলব করেন।

MD. ABDUS SABUR PRODHAN
Principal Officer, B-1833
Sonali Bank Limited
General Manager's Office, Bogura.

ফোন নং ঃ ০২৫৮৯৯০১৯২২
ই-মেইল ঃ bogranorthpo@sonalibank.com.bd



৬। ঋণ খেলাপীর নিকট হতে বকেয়া অর্থ আদায়ে কার্যকর ব্যবস্হা গ্রহন পূর্বক আইনগত ব্যবস্হা গ্রহনের পাশাপাশি সমঝোতার মাধ্যমে ঋণ আদায়ের ব্যবস্হা গ্রহন করতে হবে। খেলাপী ঋণ সৃষ্টিতে কোন পর্যায়ের ত্রুটি/অসতর্কতা রয়েছে তা উদঘাটন পূর্বক পুনরাবৃত্তি রোধে কার্যকর পদক্ষেপ গ্রহন করতে হবে। Resource Allocation এ আরও যত্নবান হতে হবে।

৭। ঋণের সুদ মওকুফের ক্ষেত্রে সুদ মওকুফ সম্পর্কিত নীতিমালা যথাযথ ভাবে অনুসরন করা ও ঋণ গ্রহীতাদের ডাটাবেজ সৃষ্টি করার বিষয়ে ব্যবস্হা গ্রহন করতে হবে।

৮। ডকুমেন্টেশন যাতে তামাদি না হয় সেদিকে সর্বদা সজাগ দৃষ্টি রাখার জন্য পরামর্শ দেন সম্মানিত জিএম মহোদয়।

৯। ঋণের বিপরীতে বন্ধকীকৃত সম্পত্তিগুলো "সোনালী ব্যাংকের নিকট দায়বদ্ধ" সাইন বোর্ড স্হাপন নিশ্চিত করতে হবে।

১০। কৃষি/পল্লী ও মাইক্রোক্রেডিট ঋণের ক্ষেত্রে যে সকল ঋণ শ্রেনীকৃত হয়েছে বা হতে যাচ্ছে সেগুলো যেন (গত ২০২০-২০২১ অর্থ বছরে বিতরনকৃত) কোনক্রমেই শ্রেনীকৃত ঋণে পরিনত না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে, শ্রেনীকৃত ঋণ কাংখিত পরিমান আদায় করতে হবে ও লক্ষ্যমাত্রার বিপরীতে ১০০% ঋণ বিতরন করতে হবে।

**ব্যবসায়িক পর্যালোচনাঃ**

উপরোক্ত সিদ্ধান্ত সমূহ পরিপালন ও বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহন করার জন্য তাগাদা ও নির্দেশনা দিয়ে অর্জিত অগ্রগতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পেশ করার আহব্বান রেখে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-

(মোঃ আব্দুর রাজ্জাক)
ডেপুটি জেনারেল ম্যানেজার
প্রিন্সিপাল অফিস, বগুড়া সাউথ, বগুড়া
ও সভাপতি
ব্যবসায়িক পর্যালোচনা ও মতবিনিময় সভা মে/২০২২

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজার'স অফিস, বগুড়া।

০২। ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, PO/বগুড়া নর্থ, বগুড়া সাউথ সাবে শাখা, বগুড়া

ডেপুটি জেনারেল ম্যানেজার।

Attested
MD. ABDUS SABUR PRODHAN
Principal Officer, B-1833
Sonali Bank Limited
General Manager's Office, Bogura.

# সোনালী ব্যাংক লিমিটেড

## প্রিন্সিপাল অফিস, বগুড়া-সাউথ, বগুড়া।

সংযোজনী 'ক'

২৫/০৫/২০২২ তারিখে অনুষ্ঠিত শাখা ম্যানেজারবৃন্দের সাথে মাসিক ব্যবসায়িক পর্যালোচনা ও মতবিনিময় সভা মে-২০২২ এ উপস্থিতির তালিকা।

| ক্রঃ নং | শাখার নাম | ব্যবস্থাপকের নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | আজিজুল হক কলেজ শাখা | মি. ন. আহসান | |
| ২ | বগুড়া ক্যান্টনমেন্ট শাখা | মোঃ শাহিদুজ্জামান | |
| ৩ | ধুনট শাখা | Md. Mahbubul [illegible] | |
| ৪ | দূর্গাপুর শাখা | মো: আনোয়ার হোসেন | |
| ৫ | গাবতলী শাখা | মোঃ নাজমুল হক | |
| ৬ | গোহাইল রোড শাখা | এ.বি.এম. [illegible] | |
| ৭ | জামাদারপুকুর হাট শাখা | মো: [illegible] | |
| ৮ | কাহালু শাখা | মো: মাহমুদ [illegible] | |
| ৯ | নন্দিগ্রাম শাখা | মোঃ মতিউর রহমান | |
| ১০ | পল্লী উন্নয়ন একাডেমী শাখা | মোঃ রিজওয়ান হক | |
| ১১ | রনবাঘা বাজার শাখা | মো: মুনজুরুল আবেদীন | |
| ১২ | সারিয়াকান্দি শাখা | মো: কামাল-উর-রহমান | |
| ১৩ | শেরপুর শাখা | মো: সাইফুদ্দিন [illegible] | |
| ১৪ | শেরপুর রোড শাখা | মো: রহমতুল্লাহ | |
| ১৫ | শহীদ জিয়া মেডিকেল কলেজ শাখা | সাইদুর রহমান | |
| ১৬ | তালোড়া শাখা | মোঃ আল-মামুনুর রশীদ | |
| ১৭ | প্রিন্সিপাল অফিস বগুড়া সাউথ | উজ্জ্বল কুমার কুন্ডু | |
| ১৮ | " | আসমা সুলতানা | |
| ১৯ | " | মো: মাহমুদুল হাসান | |
| ২০ ৫ ~~২৫~~ | অন্যান্য | ৬ জন | |
| | | | |

MD. ABDUS SABUR PRODHAN
Principal Officer, B-1833
Sonali Bank Limited
General Manager's Office, Bogura.

# সোনালী ব্যাংক লিমিটেড

**প্রিন্সিপাল অফিস, বগুড়া-নর্থ, বগুড়া।**

সংযোজনী-'ক'

২৫/০৫/২০২২ তারিখে অনুষ্ঠিত শাখা ব্যবস্থাপকদের সাথে মাসিক ব্যবসায়িক পর্যালোচনা ও মতবিনিময় সভা মে-২০২২ এ উপস্থিতির তালিকা।

| ক্রঃ নং | শাখার নাম | ব্যবস্থাপকের নাম | স্বাক্ষর | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ১ | আদমদিঘী শাখা | মোঃ আনোয়ারুল কবির | [signature] | 01708159317 |
| ২ | বালুয়াহাট শাখা | মোঃ মাহমুদুন নবী | [signature] | 01712-985135 |
| ৩ | বগুড়া বাজার শাখা | আনজিন আমানীন [illegible] | [signature] | 01712-601205 |
| ৪ | কলেজ রোড শাখা | মোঃ রওশন [illegible] | [signature] | 01922685907 |
| ৫ | দুপচাচিয়া শাখা | এ.এম.এম মাহফুজ হাসেন | [signature] | 01711045469 |
| ৬ | মোকামতলা শাখা | মোঃ মাহফুজুর রহমান | [signature] | 01713082814 |
| ৭ | গুজিয়া শাখা | এ.কে.এম ইকবাল হাসান | [signature] | 01713082812 |
| ৮ | এসএ কলেজ শাখা | [illegible] | [signature] | 01714104726 |
| ৯ | জামুরহাট শাখা | মোঃ শহিদুল ইসলাম | [signature] | 01714-494333 |
| ১০ | নামুজাহাট শাখা | মোঃ জুবায়ের হাসান [illegible] | [signature] | 01712949232 |
| ১১ | নশরৎপুর শাখা | মোঃ মাহমুদ হোসেন | [signature] | 01730-354695 |
| ১২ | সান্তাহার শাখা | মোঃ ফারুক হোসেন | [signature] | 01921-570018 |
| ১৩ | শিবগন্জ শাখা | মোঃ নুরে আলম সিদ্দিক | [signature] | 0171[illegible]0005 |
| ১৪ | সোনাতলা শাখা | মোঃ মাহবুবুর রহমান | [signature] | 01712455969 |
| ১৫ | সাহারপুকুর শাখা | মোঃ মানিক মিয়া | [signature] | 01911-693305 |
| ১৬ | পিও নর্থ | মোঃ আবজাহার আলী | [signature] | 01716-298899 |
| ১৭ | " | অরুপ কুমার দাস | [signature] | 01711-239793 |
| ১৮ | " | এ.কে.এম শাফিকুল ইসলাম | [signature] | 01991[illegible] |
| ১৯ | " | মোঃ মাহবুবুর রহমান | [signature] | [illegible] |
| 20 | | মোঃ শাহা মিয়া | | |

৫

২৫

MD. ABDUS SABUR PRODHAN
Principal Officer, B-1833
Sonali Bank Limited
General Manager's Office, Bogura.



MD. ABDUS SABUR PRODHAN
Principal Officer, B-1833
Sonali Bank Limited
General Manager's Office, Bogura.




MD. ABDUS SABUR PRODHAN
Principal Officer, B-1833
Sonali Bank Limited
General Manager's Office, Bogura

..ক লিমিটেড
..ank Limited
..্যানেজার'স অফিস
..উথ, ঢাকা।

বোরাক বিজ সেন্টার (৭ম-৯ম তলা),
৭০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
টেলিফোনঃ ০২-৪৭১১৯৪৪৮-৫০,৬২,৬৩
ইমেইলঃ gmdhaka2@sonalibank.com.bd
ওয়েব সাইটঃ www.sonalibank.com.bd

সুবর্ণ জয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার

..এমও, ঢাকা-২/মতবিনিময় সভা/
..রিখঃ ১২-০৫-২০২২

## ব্যবসায়িক মতবিনিময় সভার কার্যবিবরণী

অদ্য ১২-০৫-২০২২ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার দুপুর ২ঃ০০ টায় জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা সাউথ, ঢাকা এর সম্মেলন কক্ষে এ কার্যালয়ের জেনারেল ম্যানেজার মহোদয়ের সাথে আওতাধীন প্রিন্সিপাল অফিস ও কর্পোরেট শাখাসমূহের ডেপুটি জেনারেল ম্যানেজার মহোদয়গণের এক ব্যবসায়িক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। জেনারেল ম্যানেজার জনাব গিয়াস উদ্দিন মাহমুদ এর সভাপতিত্বে উক্ত সভায় ৩০-০৪-২০২২ তারিখ ভিত্তিক ব্যবসায়িক লক্ষ্যমাত্রা ও অর্জন পর্যালোচনা করা হয়। সভায় নিম্নবর্ণিত নির্বাহীগণ উপস্থিত ছিলেনঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কর্মস্থল |
|---|---|---|---|
| ০১. | জনাব গিয়াস উদ্দিন মাহমুদ | জেনারেল ম্যানেজার | জিএম অফিস, ঢাকা সাউথ। |
| ০২. | জনাব মোঃ মকবুল হোসেন | ডেপুটি জেনারেল ম্যানেজার | জিএম অফিস, ঢাকা সাউথ। |
| ০৩. | বেগম শামীমা নূর | ডেপুটি জেনারেল ম্যানেজার | জিএম অফিস, ঢাকা সাউথ। |
| ০৪. | জনাব মোঃ মিজানুর রহমান | ডেপুটি জেনারেল ম্যানেজার | জিএম অফিস, ঢাকা সাউথ। |
| ০৫. | জনাব মোঃ নজরুল ইসলাম | ডেপুটি জেনারেল ম্যানেজার | প্রিন্সিপাল অফিস, ঢাকা সাউথ। |
| ০৬. | জনাব মোঃ শাহজাহান | ডেপুটি জেনারেল ম্যানেজার | প্রিন্সিপাল অফিস, নরসিংদী। |
| ০৭. | জনাব মোঃ ইসমাইল হোসেন | ডেপুটি জেনারেল ম্যানেজার | প্রিন্সিপাল অফিস, নারায়ণগঞ্জ। |
| ০৮. | জনাব মোঃ আবদুল মতিন | ডেপুটি জেনারেল ম্যানেজার | প্রিন্সিপাল অফিস, মুন্সীগঞ্জ। |
| ০৯. | জনাব কাজী মোহাম্মদ ছানা উল্লাহ | ডেপুটি জেনারেল ম্যানেজার | বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখা, ঢাকা। |
| ১০. | জনাব মোঃ সিরাজুল ইসলাম চৌধুরী | ডেপুটি জেনারেল ম্যানেজার | শিল্প ভবন কর্পোরেট শাখা, ঢাকা। |
| ১১. | বেগম নুরুন নাহার | ডেপুটি জেনারেল ম্যানেজার | বি-ওয়াপদা ভবন কর্পোরেট শাখা, ঢাকা। |
| ১২. | জনাব মোঃ ইয়াছিন | ডেপুটি জেনারেল ম্যানেজার | নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ। |
| ১৩. | জনাব গোলাম মহিউদ্দিন | ডেপুটি জেনারেল ম্যানেজার | সদরঘাট কর্পোরেট শাখা, ঢাকা। |
| ১৪. | জনাব সঞ্জীব কুমার ঘোষ | ডেপুটি জেনারেল ম্যানেজার | চকবাজার কর্পোরেট শাখা, ঢাকা। |

২.০০ঃ সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করা হয়। অতঃপর আমন্ত্রিত অতিথিবৃন্দকে জেনারেল ম্যানেজার মহোদয়ের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপনের পর প্রিন্সিপাল অফিস, নরসিংদীর পক্ষ হতে জেনারেল ম্যানেজার মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। অতঃপর সভার সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের স্বাগত বক্তব্যে ব্যাংকের ব্যবসা তথা বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে গুণগত ঋণ বিতরণ বৃদ্ধি ও শ্রেণীকৃত ঋণ আদায় এবং বিশেষ করে কোভিড-১৯ মহামারীর জন্য প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজ-এর আওতায় CMSME ঋণ বিতরণের উপর সর্বাধিক গুরুত্ব প্রদান করা হয়। এছাড়া, ব্যাংকের কর্মীদের পেশাগত দক্ষতার সাথে ইতিবাচক মনোভাব/মানসিকতা নিয়ে আন্তরিকতার সাথে গ্রাহকদের প্রয়োজনীয় সেবা প্রদান এবং কোনক্রমেই যেন গ্রাহকদের হয়রানী করা না হয় সে বিষয়ে নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয় চলতি বছরে এ কার্যালয়ের ব্যবসায়িক কার্যক্রম পর্যালোচনান্তে অবহিত করেন যে, এপ্রিল'২০২২ পর্যন্ত এ কার্যালয়ের আওতাধীন প্রিন্সিপাল অফিস ও কর্পোরেট শাখাসমূহের সামষ্টিক AD Ratio ৬৩.৮৫%, যা বৃদ্ধি করা আবশ্যক। এ লক্ষ্যে তিনি প্রচলিত ব্যাংকিং-এর পাশাপাশি করেন রেমিটেন্স আহরণ বৃদ্ধি, লো কস্ট ডিপোজিট আহরণ এবং এসএমই, গৃহ নির্মাণসহ অন্যান্য খাতে গুণগত ঋণ বৃদ্ধি, বিশেষ করে কোভিড প্রণোদনা প্যাকেজ (২য় পর্যায়) এর জন্য বরাদ্দকৃত তহবিল শতভাগ বিতরণের এবং ৩০-০৬-২০২২ তারিখের মধ্যে KYC Update করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৩.০০ঃ সভাপতি মহোদয়ের স্বাগত বক্তব্যের পর এ কার্যালয়ের ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব মোঃ মিজানুর রহমান তাঁর বক্তব্যে নিম্নোক্ত বিষয়াদির উপর আলোকপাত করেনঃ

- প্রধান কার্যালয় এবং এ কার্যালয় হতে প্রেরিত বিভিন্ন কোয়ারীর জবাবসহ সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক/ত্রৈমাসিক এবং বিশেষ স্টেটমেন্টসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণ।
- কোভিড প্রণোদনা বাবদ বরাদ্দকৃত সকল খাতের ঋণ আগামী ১৫-০৬-২০২২ তারিখের মধ্যে ১০০% বিতরণ নিশ্চিতকরণ।
- শাখার নিকটবর্তী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সরেজমিনে গমন পূর্বক স্কুল ব্যাংকিং হিসাব খুলতে উদ্বুদ্ধকরণ।
- Sonali Payment Gateway ব্যবহারের জন্য প্রতিটি শাখাকে নূন্যতম একটি শিক্ষাপ্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করতে হবে।
- গুণগত ঋণ বৃদ্ধির মাধ্যমে এডি রেশিও বৃদ্ধিকরণ।
- শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধির মাধ্যমে শাখার শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাসকরণ।
- ঋণ হিসাব সমূহ যথাসময়ে নবায়ন করে নিয়মিত রাখা।
- শাখার দৈনিক লেনদেন ভাউচার সমূহ দুইজন কর্মকর্তা কর্তৃক চেকিং ও verify (যাচাই) নিশ্চিতকরণ।
- অডিট টিমের সম্মুখে উপস্থাপনের লক্ষ্যে শাখায় মানি লন্ডারিং সংশ্লিষ্ট ফাইল সংরক্ষণ করতে হবে।
- RCD ও MCD ঋণের প্রণোদনা, মুজিব বর্ষে হ্রাসকৃত সুদে কৃষিঋণ বিতরণের জন্য বরাদ্দকৃত তহবিল শতভাগ বিতরণ নিশ্চিতকরণ।

চলমান পাতা-০২

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
জেনারেল ম্যানেজার'স অফিস
ঢাকা সাউথ, ঢাকা।

বোরাক বিজ সেন্টার (৭ম-৯ম তলা),
৭০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
টেলিফোনঃ ০২-৪৭১১১৯৪৪৮-৫০,৬২,৬৩
ইমেইলঃ gmdhaka2@sonalibank.com.bd
ওয়েব সাইটঃ www.sonalibank.com.bd



- কর্মকর্তাদের নিজ শাখার ব্যবসায়িক অবস্থা সম্পর্কে হালনাগাদ অবহিত হয়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।
- কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্তের বিরুদ্ধে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণ না করে অভিযোগ যাচাই-সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- BCD এর বিভিন্ন চিঠির জবাব দেয়ার ক্ষেত্রে শাখায় সংশ্লিষ্ট হিসাবটি পরিচালিত হচ্ছে কি-না সে সম্পর্কে নিশ্চিত হয়ে সতর্কতার সাথে রিপোর্ট করতে হবে।
- Agent Banking এর মাধ্যমে শাখার আয় বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- IT Procurement যথাযথ হতে হবে এবং হার্ডওয়্যার সমূহের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।
- শাখার নিরাপত্তা সংক্রান্ত চিঠিপত্রের জবাব এবং নিরাপত্তা নিশ্চিতকরণ সংক্রান্ত তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- Unreconciled এন্ট্রিসমূহ জরুরী ভিত্তিতে reconcile করতে হবে।
- শাখা সমূহের KYC আপডেটকল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.০০ঃ অতঃপর এ কার্যালয়ের ডেপুটি জেনারেল ম্যানেজার বেগম শামীমা নূর তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে নিম্নোক্ত বিষয়াদির উপর আলোকপাত করেন ঃ

- ব্যাংক ব্যবসা এবং মুনাফা অর্জন বৃদ্ধিকল্পে উন্নত গ্রাহক সেবা প্রদান করতে হবে।
- শাখা প্রধান কর্তৃক শাখাকে প্রদত্ত লক্ষ্যমাত্রা অর্জনে সর্বোচ্চ উদ্যোগী হতে হবে।
- সব ধরনের গ্রাহকের সাথে সুসম্পর্ক গড়ে তোলার ব্যাপারে উদ্যোগ গ্রহণ করতে হবে।
- MCD ও RCD খাতে ঋণ বিতরণ বৃদ্ধি করতে হবে।
- NGO Linkage ঋণ অপেক্ষাকৃত নিরাপদ বিধায় উক্ত খাতে ঋণ বিতরণ বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে, এক্ষেত্রে যথাযথ সার্চিং এর মাধ্যমে প্রয়োজনে শাখা হতে দূরবর্তী স্থানেও ঋণ প্রদানের উদ্যোগ নেয়া যেতে পারে।
- Law Suit Management Software সবসময়ই update রাখতে হবে।
- অডিট রিপোর্টসহ বিভিন্ন পরিদর্শন রিপোর্টের নির্ভুল জবাব দ্রুত প্রেরণ করতে হবে।
- ব্যাংকের বিভিন্ন আইটি প্রোডাক্ট যেমন- e-Wallet, e-Sheba প্রভৃতির ব্যবহার বৃদ্ধিকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- MIS এ সঠিক তথ্য (Data) provide করতে হবে।
- বর্তমান ডিজিটাল যুগে ব্যাংকিং ব্যবসাকে অটোমেশন প্রক্রিয়ার মধ্যে আনার জন্য গ্রাহকদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে শাখা প্রধানকে সর্বোচ্চ ফলপ্রসূ উদ্যোগ নিতে হবে।

৫.০০ঃ সর্বশেষ এ কার্যালয়ের ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব মকবুল হোসেন তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে নিম্নোক্ত বিষয়াদির উপর আলোকপাত করেন ঃ

- এ কার্যালয়ের আওতাধীন বিভিন্ন কর্পোরেট শাখা ও প্রিন্সিপাল অফিস সমূহের সাথে জিএম অফিসের যোগাযোগ ও পারস্পরিক সম্পর্কের সম্ভাবনা কাজে লাগিয়ে সমস্যাসমূহ সমাধান পূর্বক ব্যবসা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা।
- বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ও অনুকূল পরিবেশের সুযোগ গ্রহণ করে এ অঞ্চলকে শীর্ষে পৌঁছে দেয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- বিভিন্ন কোয়ারী এবং চিঠির যথাযথ জবাব দ্রুত প্রেরণ করা।
- শাখার শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধিকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং শাখা/নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহের ঋণ আদায় টিম হালনাগাদ করা।
- কোনক্রমেই যেন শ্রেণীকৃত ঋণ বৃদ্ধি না পায় সে লক্ষ্যে ঋণ হিসাব সমূহ যথাসময়ে নবায়নসহ মঞ্জুরীপত্রের শর্তানুযায়ী ঋণের কিস্তি আদায় নিশ্চিত করা।
- ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণের নিমিত্ত সময়ক্ষেপন পরিহারকল্পে প্রকল্প পরিদর্শনের সময় শাখা, প্রিন্সিপাল অফিস ও জিএম অফিস প্রতিনিধির সমন্বয়ে পরিদর্শন দল প্রেরণ করা।

৬.০০ঃ পরবর্তীতে সভাপতি মহোদয় প্রিন্সিপাল অফিস ও কর্পোরেট শাখা ভিত্তিক আলোচনা ও পর্যালোচনা করেন, যা উপস্থিত সকলের অংশগ্রহণে প্রাণবন্ত হয়ে উঠে ঃ

**(১) প্রিন্সিপাল অফিস, নরসিংদীঃ**

➢ প্রিন্সিপাল অফিস, নরসিংদী-এর এপ্রিল'২০২২ পর্যন্ত ডিপোজিট ১৪৯০.৭৫ কোটি টাকা, কিন্তু এডি রেশিও মাত্র ২৮.৮৮%। এডি রেশিও বৃদ্ধি করতে হবে মর্মে সভাপতি মহোদয় মতামত ব্যক্ত করেন। পিও নরসিংদী অঞ্চলের শ্রেণীকৃত ঋণের হার ৭.২৫%। শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধিসহ অবলোপনকৃত ঋণ হতেও আদায় বৃদ্ধির জন্য তিনি পরামর্শ দেন। এছাড়া, সরকার ঘোষিত কোভিড-১৯ এর প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই (২য় পর্যায়) এবং এসএমই খাতে অর্জনের হার যথাক্রমে ১৩.৪৫% ও ১৩.১০% হওয়ায় উভয় খাতে দ্রুততম সময়ে ঋণ বিতরণের মাধ্যমে বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জোর তাগিদ প্রদান করা হয়। এক্ষেত্রে অঞ্চলের ডিজিএম মহোদয় প্রণোদনার বরাদ্দকৃত ৫.৫০ কোটি টাকার মধ্যে ৪.৭৬ কোটি টাকা ১৫-০৬-২০২২ তারিখের মধ্যে বিতরণ করবেন মর্মে অঙ্গীকার ব্যক্ত করেন। তবে অঞ্চলের আওতাধীন ৪টি শাখায় মাত্র ৪ জন করে জনবল থাকায় শাখার স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখা কষ্টসাধ্য এবং ১৯৯৫ সাল হতে নতুন করে কোন প্রকল্প ঋণ বিতরণ না করায় অঞ্চলের মোট ঋণের পরিমাণ বৃদ্ধি করা সময় সাপেক্ষ মর্মে ডিজিএম মহোদয় অবহিত করেন। এছাড়া, অবলোপনকৃত ঋণ স্থিতি হতে ৫.০০ কোটি টাকা চূড়ান্ত অবলোপনের ব্যবস্থা গৃহীত হয়েছে এবং শ্রেণীকৃত ঋণ আদায়ের টার্গেট ১৮.৯৩ কোটি টাকার মধ্যে এ পর্যন্ত ১১.২২ কোটি টাকা আদায় হয়েছে মর্মেও তিনি অবহিত করেন। সর্বশেষ, উক্ত প্রিন্সিপাল অফিসের নিয়ন্ত্রণাধীন শাখা সমূহের CBS এ প্রদর্শিত ২৬৩ টি সীমাতিরিক্ত সিএমএসএমই ঋণ কোনক্রমেই যেন জুন'২০২২ ত্রৈমাসিকে শ্রেণীকৃত না হয় সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তাগিদ প্রদানসহ এপ্রিল'২০২২ ভিত্তিক মুনাফার হার লক্ষ্যমাত্রার ২৯.৮৫% হওয়ার প্রেক্ষিতে যথাযথ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বছর শেষে মুনাফা লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

চলমান পাতা-০৩

ংক লিমিটেড
Bank Limited
ম্যানেজার'স অফিস
াউথ, ঢাকা।

বোরাক বিজ সেন্টার (৭ম-৯ম তলা),
৭০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
টেলিফোন: ০২-৪৭১১৯৪৪৮-৫০,৬২,৬৩
ইমেইল: gmdhaka2@sonalibank.com.bd
ওয়েব সাইট: www.sonalibank.com.bd

সুবর্ণ জয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার



**(২) প্রিন্সিপাল অফিস, ঢাকা সাউথঃ**

➢ প্রিন্সিপাল অফিস, ঢাকা সাউথ-এর এপ্রিল'২০২২ পর্যন্ত ডিপোজিট ১৮৩৮.২৪ কোটি টাকা, কিন্তু এডি রেশিও মাত্র ১৯.০৫%। ভাল বিনিয়োগের মাধ্যমে এডি রেশিও বৃদ্ধি করতে হবে মর্মে সভাপতি মহোদয় মতামত ব্যক্ত করেন। পিও, ঢাকা সাউথ অঞ্চলের শ্রেণীকৃত ঋণের হার ১১.০৬%, যা আরও হ্রাসকল্পে শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধিসহ অবলোপনকৃত ঋণ হতেও আদায়ের জন্য তিনি পরামর্শ দেন। এছাড়া, সরকার ঘোষিত কোভিড-১৯ এর প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই (২য় পর্যায়) এবং এসএমই খাতে অর্জনের হার যথাক্রমে ১৮.০০% ও ৫.৭৫% হওয়ায় উভয় খাতে দ্রুততম সময়ে ঋণ বিতরণের মাধ্যমে লক্ষ্যমাত্রার ১০০% অর্জনের জন্য জোর তাগিদ প্রদান করা হয় এবং মামলাযোগ্য ঋণ হিসাব সমূহের বিপরীতে দ্রুত আইনী ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেয়া হয়। সর্বশেষ, উক্ত প্রিন্সিপাল অফিসের নিয়ন্ত্রণাধীন শাখা সমূহে CBS এ প্রদর্শিত ৬৮ টি সীমাতিরিক্ত সিএমএসএমই ঋণ কোনক্রমেই যেন জুন'২০২২ ত্রৈমাসিকে শ্রেণীকৃত না হয় সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তাগিদ প্রদানসহ এপ্রিল'২০২২ ভিত্তিক মুনাফার হার লক্ষ্যমাত্রার ২৯.৬৮% হওয়ার প্রেক্ষিতে যথাযথ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বছর শেষে মুনাফা অর্জন লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

**(৩) প্রিন্সিপাল অফিস, নারায়ণগঞ্জঃ**

➢ প্রিন্সিপাল অফিস, নারায়ণগঞ্জ-এর এপ্রিল'২০২২ পর্যন্ত ডিপোজিট ১১৮৭.১৯ কোটি টাকা এবং এডি রেশিও ২৯.৩২%। এডি রেশিও বৃদ্ধি করতে আমানত গ্রহণ ও ঋণ বিতরণ বৃদ্ধি করতে হবে মর্মে সভাপতি মহোদয় মতামত ব্যক্ত করেন। নারায়ণগঞ্জ অঞ্চলের শ্রেণীকৃত ঋণের হার ২৩.৬৫%, যা কাঙ্খিত মাত্রার চেয়ে বেশি মর্মে মন্তব্য করে শ্রেণীকৃত ঋণ ও অবলোপনকৃত ঋণ হতেও আদায় বৃদ্ধির মাধ্যমে শ্রেণীকৃত ঋণ হ্রাসের জন্য তিনি পরামর্শ দেন। এছাড়া, সরকার ঘোষিত কোভিড-১৯ এর প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই (২য় পর্যায়) এবং এসএমই খাতে অর্জনের হার যথাক্রমে ৩৬.০৩% ও ৬.৮৩% হওয়ায় উভয় খাতে দ্রুততম সময়ে ঋণ বিতরণের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জোর তাগিদ প্রদান করা হয়। সর্বশেষ, উক্ত প্রিন্সিপাল অফিসের এপ্রিল'২০২২ ভিত্তিক মুনাফার হার মাত্র লক্ষ্যমাত্রার ২৯.৫৪% হওয়ায় যথাযথ ও কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বার্ষিক মুনাফা অর্জন লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

**(৪) প্রিন্সিপাল অফিস, মুন্সীগঞ্জঃ**

➢ প্রিন্সিপাল অফিস, মুন্সীগঞ্জ-এর এপ্রিল'২০২২ পর্যন্ত ডিপোজিট ১২৩৯.৪৩ কোটি টাকা এবং এডি রেশিও মাত্র ১৫.৩৭%। এডি রেশিও বৃদ্ধি করতে সিএমএসএমই ও কৃষি ঋণসহ ঋণ বিতরণ বৃদ্ধি করতে হবে মর্মে সভাপতি মহোদয় মতামত ব্যক্ত করেন। মুন্সীগঞ্জ অঞ্চলের শ্রেণীকৃত ঋণের হার ২৪.৯৬%, যা অত্যন্ত বেশি মর্মে মন্তব্য করে শ্রেণীকৃত ঋণ ও অবলোপনকৃত ঋণ হতে আদায় বৃদ্ধির মাধ্যমে শ্রেণীকৃত ঋণ হ্রাসের জন্য তিনি পরামর্শ দেন। এছাড়া, সরকার ঘোষিত কোভিড-১৯ এর প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই (২য় পর্যায়) এবং এসএমই খাতে অর্জনের হার যথাক্রমে ৫৮.৩৩% ও ৬.৮৩% হওয়ায় উভয় খাতে দ্রুততম সময়ে ঋণ বিতরণের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জোর তাগিদ প্রদান করা হয়। সর্বশেষ, উক্ত প্রিন্সিপাল অফিসের এপ্রিল'২০২২ ভিত্তিক মুনাফার হার লক্ষ্যমাত্রার মাত্র ২৬.২৮% হওয়ায় যথাযথ ও কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বার্ষিক মুনাফা লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

**(৫) বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখা, ঢাকাঃ**

➢ বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখা, ঢাকা-এর এপ্রিল'২০২২ পর্যন্ত ডিপোজিট ৪৯৪.৫৩ কোটি টাকা এবং এডি রেশিও ৩৪৮.৪৬%। আমানত বৃদ্ধি এবং সিএমএসএমই ও গৃহ নির্মাণ ঋণসহ অন্যান্য ঋণ বিতরণ বৃদ্ধি করতে হবে মর্মে সভাপতি মহোদয় মতামত ব্যক্ত করেন। শাখার শ্রেণীকৃত ঋণের হার ৯.০৩% হওয়ায় শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণ হতে আদায় বৃদ্ধির মাধ্যমে শ্রেণীকৃত ঋণ হ্রাসের জন্য তিনি পরামর্শ দেন। এছাড়া, সরকার ঘোষিত কোভিড-১৯ এর প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই (২য় পর্যায়) এবং এসএমই উভয় খাতেই অর্জনের হার ০.০০%। উল্লিখিত দুই খাতে কোন ঋণ বিতরণ না করায় সভাপতি মহোদয় গভীর অসন্তোষ ও ক্ষোভ প্রকাশ করেন এবং উভয় খাতে দ্রুততম সময়ে ঋণ বিতরণের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জোর তাগিদ প্রদান করেন। সর্বশেষ, উক্ত শাখার এপ্রিল'২০২২ ভিত্তিক মুনাফার হার লক্ষ্যমাত্রার ৪১.৬৫% হওয়ায় যথাযথ ও কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বার্ষিক মুনাফা লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

**(৬) শিল্প ভবন কর্পোরেট শাখা, ঢাকাঃ**

➢ শিল্প ভবন কর্পোরেট শাখা, ঢাকা-এর এপ্রিল'২০২২ পর্যন্ত ডিপোজিট ২৫৫১.৫৭ কোটি টাকা এবং এডি রেশিও ১০১.০২%। এসএমই, সিএমএসএমইসহ ঋণ বিতরণ বৃদ্ধি করতে হবে মর্মে সভাপতি মহোদয় মতামত ব্যক্ত করেন। শাখার শ্রেণীকৃত ঋণের হার ১৩.০৫% হওয়ায় শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণ হতে আদায় বৃদ্ধির মাধ্যমে শ্রেণীকৃত ঋণ হ্রাসের জন্য তিনি পরামর্শ দেন। এছাড়া, সরকার ঘোষিত কোভিড-১৯ এর প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই (২য় পর্যায়) এবং এসএমই উভয় খাতেই শাখার অর্জনের হার ০.০০%। উল্লিখিত দুই খাতে কোন ঋণ বিতরণ না করায় সভাপতি মহোদয় গভীর অসন্তোষ ও ক্ষোভ প্রকাশ করেন এবং উভয় খাতে দ্রুততম সময়ে ঋণ বিতরণের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জোর তাগিদ প্রদান করেন। সর্বশেষ, উক্ত শাখার এপ্রিল'২০২২ ভিত্তিক মুনাফার হার লক্ষ্যমাত্রার মাত্র ২৩.১৪% হওয়ায় যথাযথ ও কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বার্ষিক মুনাফা লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

চলমান পাতা-০৪

**(৭) বি-ওয়াপদা ভবন কর্পোরেট শাখা, ঢাকাঃ**

➢ বি-ওয়াপদা ভবন কর্পোরেট শাখা, ঢাকা-এর এপ্রিল'২০২২ পর্যন্ত ডিপোজিট ৭৯৪.৭৩ কোটি টাকা এবং এডি রেশিও মাত্র ৭.১২%। এডি রেশিও বৃদ্ধি এবং গৃহ নির্মাণ, সরকারী গৃহ নির্মাণ, এসএমই ও সিএমএসএমইসহ ঋণ বিতরণ বৃদ্ধি করতে হবে মর্মে সভাপতি মহোদয় মতামত ব্যক্ত করেন। শাখার শ্রেণীকৃত ঋণের হার ১.৭৪%; আদায়ের মাধ্যমে শাখাকে শ্রেণীকৃত ঋণ মুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় পরামর্শ দেন। এছাড়া, সরকার ঘোষিত কোভিড-১৯ এর প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই (২য় পর্যায়) এবং এসএমই খাতে অর্জনের হার যথাক্রমে ০.০০% ও ৬০.০০%। প্রণোদনা প্যাকেজের আওতায় কোন ঋণ বিতরণ না করায় সভাপতি মহোদয় গভীর অসন্তোষ ও ক্ষোভ প্রকাশ করেন এবং উভয় খাতে দ্রুততম সময়ে ঋণ বিতরণের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জোর তাগিদ প্রদান করেন। তদ্প্রেক্ষিতে শাখা প্রধান শীঘ্রই ৫০.০০ লক্ষ টাকা এসএমই ঋণ বিতরণ করবেন মর্মে সভায় অঙ্গীকার ব্যক্ত করেন। সর্বশেষ, উক্ত শাখার এপ্রিল'২০২২ ভিত্তিক মুনাফার হার লক্ষ্যমাত্রার ৪১.৫৮% হওয়ায় যথাযথ ও কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বার্ষিক মুনাফা লক্ষ্যমাত্রা অবশ্যই শতভাগ অর্জনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

**(৮) নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জঃ**

➢ নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ-এর এপ্রিল'২০২২ পর্যন্ত ডিপোজিট ৪৬৫.০১ কোটি টাকা এবং এডি রেশিও ১৮৮.৪২%। শাখার শ্রেণীকৃত ঋণের হার ৩৯.২৫%; আমানত বৃদ্ধি, শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণ হতে আদায়ের মাধ্যমে শ্রেণীকৃত ঋণ হ্রাস করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন। এছাড়া, সরকার ঘোষিত কোভিড-১৯ এর প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই (২য় পর্যায়) এবং এসএমই উভয় খাতে অর্জনের হার ০.০০%। উল্লিখিত দুই খাতে কোন ঋণ বিতরণ না করায় সভাপতি মহোদয় গভীর অসন্তোষ ও ক্ষোভ প্রকাশ করেন এবং উভয় খাতে দ্রুততম সময়ে ঋণ বিতরণের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জোর তাগিদ প্রদান করেন। উক্ত শাখা হতে এ পর্যন্ত কোন সরকারী গৃহ নির্মাণ ঋণ বিতরণ না করলেও শীঘ্রই সরকারী গৃহ নির্মাণ ঋণ প্রস্তাব এ কার্যালয়ে প্রেরণ করবেন মর্মে শাখার ডিজিএম মহোদয় সভায় অঙ্গীকার ব্যক্ত করেন। সর্বশেষ, উক্ত শাখার এপ্রিল'২০২২ ভিত্তিক মুনাফার হার লক্ষ্যমাত্রার মাত্র ১৪.৩৬% হওয়ায় যথাযথ ও কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বার্ষিক মুনাফা লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

**(৯) সদরঘাট কর্পোরেট শাখা, ঢাকাঃ**

➢ সদরঘাট কর্পোরেট শাখা, ঢাকা-এর এপ্রিল'২০২২ পর্যন্ত ডিপোজিট ৮৩.৮৭ কোটি টাকা এবং এডি রেশিও ৩৯.৭৮%। এডি রেশিও বৃদ্ধিসহ শাখার আমানত বৃদ্ধি, এসএমই, গৃহ নির্মাণ ঋণসহ এনজিও লিংকেজ এর মাধ্যমে ঋণ বিতরণ বৃদ্ধি করতে হবে মর্মে সভাপতি মহোদয় মতামত ব্যক্ত করেন। শাখার শ্রেণীকৃত ঋণের হার ২০.৬৫%; শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণ হতে আদায়ের মাধ্যমে শ্রেণীকৃত ঋণ হ্রাস করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন। এছাড়া, সরকার ঘোষিত কোভিড-১৯ এর প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই (২য় পর্যায়) এবং এসএমই খাতে অর্জনের হার যথাক্রমে ০.০০% ও ১.৫০%। উভয় খাতে দ্রুততম সময়ে ঋণ বিতরণের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সভাপতি মহোদয় জোর তাগিদ প্রদান করেন। সর্বশেষ, উক্ত শাখার এপ্রিল'২০২২ ভিত্তিক মুনাফার লক্ষ্যমাত্রার বিপরীতে লোকসানের পরিমাণ ১১.১৬ লক্ষ টাকা হওয়ায় যথাযথ ও কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে লোকসানবাহী শাখা হতে উত্তোরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

**(১০) চকবাজার কর্পোরেট শাখা, ঢাকাঃ**

➢ চকবাজার কর্পোরেট শাখা, ঢাকা-এর এপ্রিল'২০২২ পর্যন্ত ডিপোজিট ৩৩.১১ কোটি টাকা এবং এডি রেশিও ৫৭.৪৭%। শাখার আমানত বৃদ্ধি, সিএমএসএমই ঋণ বিতরণ বৃদ্ধিসহ এলসি খোলা মাধ্যমে আয় বৃদ্ধি করতে হবে মর্মে সভাপতি মহোদয় মতামত ব্যক্ত করেন। শাখার শ্রেণীকৃত ঋণের হার ১১.৮৮%; শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণ হতে আদায়ের মাধ্যমে শ্রেণীকৃত ঋণ হ্রাস করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় পরামর্শ দেন। এছাড়া, সরকার ঘোষিত কোভিড-১৯ এর প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই (২য় পর্যায়) এবং এসএমই উভয় খাতে অর্জনের হার ০.০০%। উল্লিখিত দুই খাতে কোন ঋণ বিতরণ না করায় সভাপতি মহোদয় গভীর অসন্তোষ ও ক্ষোভ প্রকাশ করেন এবং উভয় খাতে দ্রুততম সময়ে ঋণ বিতরণের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জোর তাগিদ প্রদান করেন। সর্বশেষ, উক্ত শাখার এপ্রিল'২০২২ ভিত্তিক মুনাফার হার মাত্র ২.০৫% হওয়ায় যথাযথ ও কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে মুনাফা বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।

**জেনারেল ম্যানেজার মহোদয়ের পর্যবেক্ষণঃ**

বিস্তারিত আলোচনা শেষে সভাপতি মহোদয় নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ উপস্থিত প্রিন্সিপাল অফিস প্রধান ও কর্পোরেট শাখা প্রধানদেরকে অবহিত করেনঃ

- ❖ প্রতিমাসে প্রত্যেক শাখায় ন্যূনতম ১টি এসএমই ঋণ বিতরণের কর্তৃপক্ষীয় নির্দেশনা পরিপালনসহ উক্ত খাতে বরাদ্দকৃত তহবিল শতভাগ বিতরণ নিশ্চিত করতে হবে।
- ❖ শাখা সমূহের ভবন ভাড়া চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্বেই দ্রুত নবায়ন প্রস্তাব প্রেরণ করতে হবে।
- ❖ মুজিব বর্ষ উপলক্ষ্যে ঘোষিত প্রণোদনা প্যাকেজের শতভাগ বিতরণ নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-০৫

- প্রিন্সিপাল অফিস ভিত্তিক সকল শাখা প্রধানদের নিয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণ।
- শাখার নিকটবর্তী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে প্রয়োজনে জেনারেল ম্যানেজার মহোদয়ের উপস্থিতিতে ক্যাম্প করে স্কুল ব্যাংকিং হিসাব খোলার ব্যবস্থা গ্রহণ পূর্বক নতুন হিসাবধারীদের উপহার প্রদান করা যেতে পারে।
- ব্যবসা বৃদ্ধির স্বার্থে স্বল্প সুদবাহী আমানত বৃদ্ধি এবং গুণগত বিনিয়োগ বৃদ্ধি করতে হবে এবং Annual Performance Agreement (APA) বাস্তবায়নে ব্যাংক গত বছরে ১ম স্থান অর্জন করায় চলতি বছরেও উক্ত অবস্থান ধরে রাখতে হবে।
- আগামী জুন মাসের মধ্যে প্রিন্সিপাল অফিস নরসিংদী, প্রিন্সিপাল অফিস নারায়ণগঞ্জ, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা ও সদরঘাট কর্পোরেট শাখাকে কমপক্ষে ২টি করে মোট ৮টি প্রতিষ্ঠানের সাথে Sonali Payment Gateway ব্যবহারের জন্য চুক্তি সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান।
- আগামী ১৫-০৬-২০২২ তারিখের মধ্যে কোভিড প্রণোদনা প্যাকেজ (২য় পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত তহবিল শতভাগ বিতরণ নিশ্চিত করার কর্তৃপক্ষীয় নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে অগ্রাধিকার ভিত্তিতে কাজ করার জন্য নির্দেশনা প্রদান।
- সরকারী কর্মচারীদের অনুকূলে গৃহ নির্মাণ/ফ্ল্যাট ক্রয় বাবদ ঋণ প্রদান বৃদ্ধি করতে হবে এবং ঋণ প্রস্তাব সমূহ দ্রুততম সময়ে নিষ্পত্তি করতে হবে।
- মুক্তিযোদ্ধারা জাতির শ্রেষ্ঠ সন্তান বিধায় মুক্তিযোদ্ধা ঋণ বিতরণ বৃদ্ধিসহ মুক্তিযোদ্ধাদের সাথে যেকোন পরিস্থিতিতে সর্বোত্তম ব্যবহার/আচরণ নিশ্চিত করতে হবে।
- NGO Linkage সহ MCD ও RCD খাতে ঋণ বিতরণ বৃদ্ধি করতে হবে।
- e-Wallet, Credit Card, Debit Card প্রভৃতির ব্যবহার বৃদ্ধির মাধ্যমে Paperless Banking বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- শাখা ও নিয়ন্ত্রণকারী কার্যালয় পর্যায়ে গঠিত রিকভারী টিম গুলোকে সক্রিয় করার মাধ্যমে শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধি করা।
- শাখা/নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক প্রধান কার্যালয় ও এ কার্যালয়ের নির্দেশনা সমূহ যথাযথ পরিপালন করা।

উল্লেখ্য যে, সভাপতি মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে ৩০-০৬-২০২২ তারিখের মধ্যে সিএমএসএমই ঋণ বিতরণ ও KYC আপডেট শতভাগ সম্পন্ন করার বিষয়ে উপস্থিত সকল প্রিন্সিপাল অফিস ও কর্পোরেট শাখা প্রধানগণ অঙ্গীকার ব্যক্ত করেন।

৭.০০ঃ পরিশেষে সভাপতি মহোদয় বলেন যে, এ কার্যালয়ের আওতাধীন প্রিন্সিপাল অফিস প্রধান ও কর্পোরেট শাখা প্রধানগণ ভাল করলেই এ কার্যালয় তথা সোনালী ব্যাংক ভাল করবে। Annual Performance Agreement (APA) বাস্তবায়নে ব্যাংকের গত বছরের অর্জন "১ম স্থান" চলতি বছরেও ধরে রাখতে হবে। তাই ব্যাংকের চলতি বছরের স্লোগান "সুবর্ণ জয়ন্তীর অঙ্গীকার, সোনালী ব্যাংক হবে সবার" বাস্তবায়নকল্পে সকলকে সম্মিলিতভাবে বছরের অবশিষ্ট সময় কঠোর পরিশ্রম করে উন্নত গ্রাহক সেবা প্রদানের মাধ্যমে ব্যাংকের আমানত, ঋণ ও মুনাফা বৃদ্ধির আহবান জানিয়ে ও ব্যক্তিগত ভাবে সকলের মঙ্গল ও সুস্থতা কামনা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় মতবিনিময় সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
(গিয়াস উদ্দিন মাহমুদ)
জেনারেল ম্যানেজার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল অফিস- ঢাকা সাউথ/নারায়ণগঞ্জ/মুন্সীগঞ্জ, নরসিংদী;
০৩। ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখা/শিল্পভবন কর্পোরেট শাখা/বি-ওয়াপদা ভবন কর্পোরেট শাখা/চকবাজার কর্পোরেট শাখা/সদরঘাট কর্পোরেট শাখা, ঢাকা/নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ।

জেনারেল ম্যানেজার


সোনালী ব্যাংক লিমিটেড
জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা-সাউথ, ঢাকা।
ব্যবসায়িক মত বিনিময় সভা-এপ্রিল ২০২২
সভাপতি ঃ জনাব গিয়াস উদ্দিন মাহমুদ
অংশগ্রহণে ঃ অত্র কার্যালয় ও এর আওতাধীন সকল প্রিন্সিপাল অফিস ও কর্পোরেট শাখা সমূহ
আয়োজনে ঃ জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা-সাউথ, ঢাকা।